# আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪ : ১৩

## আরবি মূল আয়াত:

وَ حَمَلۡنٰهُ عَلٰی ذَاتِ اَلۡوَاحٍ وَّ دُسُرٍ ﴿۱۳﴾

## অনুবাদসমূহ:

আর আমি তাকে (নূহকে) কাঠ ও পেরেক নির্মিত নৌযানে আরোহণ করালাম। — আল-বায়ান

আর আমি নূহকে বহন করলাম কাষ্ঠ আর কীলক যুক্ত (নৌযানে)। — তাইসিরুল

তখন নূহকে আরোহণ করালাম কাষ্ঠ ও কীলক নির্মিত এক নৌযানে, — মুজিবুর রহমান

And We carried him on a [construction of] planks and nails, — Sahih International

১৩. আর নূহকে আমরা আরোহণ করালাম কাঠ ও পেরোগ নির্মিত এক নৌযানে(১),

(১) ألواحশব্দটি لوحএর বহুবচন। অর্থ কাঠের তক্তা। আর دسرশব্দটি دسارএর বহুবচন। অর্থ পেরেক, কীলক, যার সাহায্যে তক্তাকে সংযুক্ত করা হয়। উদ্দেশ্য নৌকা। [ফাতহুল কাদীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১৩) তখন নূহকে আরোহণ করালাম কাঠ ও পেরেক দ্বারা নির্মিত এক নৌযানে। [1]

[1] دُسُرٌহল دِسَارٌএর বহুবচন। ঐ রশি যা দিয়ে নৌকার তক্তা বাঁধা হয়। অথবা ঐ পেরেক যা দিয়ে নৌকার তক্তা জোড়া হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4859

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন